

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

সোমবার, জুলাই ২, ২০১২

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়
অভ্যন্তরীণ সম্পদ বিভাগ
(আয়কর)
প্রজ্ঞাপন

তারিখ, ১৩ আষাঢ় ১৪১৯ বঙ্গাব্দ/২৭ জুন ২০১২ খ্রিস্টাব্দ

এস,আর,ও নং ২২৫-আইন/ভ্রমণ কর/২০১২ — ভ্রমণ কর আইন, ২০০৩ (২০০৩ সনের ৫ নং আইন) এর ধারা ৫, ধারা ৩ এর উপ-ধারা (২) এর সহিত পঠিতব্য, এ প্রদত্ত ক্ষমতাবলে, সরকার বিদেশ ভ্রমণ কর হার নির্ধারণ বিধিমালা, ২০০৪ এ নিম্নরূপ অধিকতর সংশোধন করিল, যথা ঃ—

উপরি-উক্ত বিধিমালার বিধি ২ এর—

- (ক) দফা (ক) এ বর্ণিত “দুই হাজার পাঁচশত” শব্দগুলির পরিবর্তে “তিন হাজার” শব্দগুলি প্রতিস্থাপিত হইবে;
- (খ) দফা (খ) এ বর্ণিত “আটশত” শব্দের পরিবর্তে “এক হাজার” শব্দগুলি প্রতিস্থাপিত হইবে; এবং
- (গ) দফা (গ) এ বর্ণিত “দুই হাজার” শব্দগুলির পরিবর্তে “দুই হাজার পাঁচশত” শব্দগুলি প্রতিস্থাপিত হইবে।

২। এই প্রজ্ঞাপন ১ জুলাই, ২০১২ তারিখে কার্যকর হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

সৈয়দ মোঃ আমিনুল করিম
অতিরিক্ত সচিব (পদাধিকারবলে)।

মোঃ আবু ইউসুফ (যুগ্ম-সচিব), উপ-পরিচালক, অতিরিক্ত দায়িত্ব, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, ঢাকা কর্তৃক মুদ্রিত।
আবদুর রশিদ (উপ-সচিব), উপ-পরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। web site: www.bgpress.gov.bd

(১০৮৪৭৭)

মূল্য : টাকা ৪.০০